



অতীব জরুরি

স্মারক নং ৪৪.০১.০০০০.০২৮.০৪.০০৩.১৯ (অংশ-১)/১৮৩

তারিখ:

০১ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ
১৮ মার্চ, ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয় : ২০২০ সনের বহিরাগত ক্যাডেট এসআই (নিরস্ত্র) পদে নিয়োগের লক্ষ্যে নির্বাচিত প্রার্থীদের এক বছর মেয়াদি মৌলিক প্রশিক্ষণে প্রেরণ প্রসংগে।

সূত্র : (ক) ঢাকা রেঞ্জ কার্যালয়ের স্মারক নং ফোর্স-২/২০২০/১৮৬০ তারিখ: ৫ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ, ফোর্স-২/২০২০/২১৯৭ তারিখ: ১১ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ এবং ফোর্স-২/২০২০/২২৯১ তারিখ: ১২ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ
(খ) চট্টগ্রাম রেঞ্জ কার্যালয়ের স্মারক নং-ফোর্স/৩০-২০১৯(অংশ)/৩২২৪ তারিখ: ৩ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ এবং ফোর্স-৩৫৫৩ তারিখ: ৯ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ
(গ) রাজশাহী রেঞ্জ কার্যালয়ের স্মারক নং-রাজ- রেঞ্জ/প্রশাসন/১৮৫১ তারিখ: ৩ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ এবং ১৯৭৪ তারিখ: ৩ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ
(ঘ) রংপুর রেঞ্জ কার্যালয়ের স্মারক নং-রং- রেঞ্জ/প্রশাসন/১৯০৭ তারিখ : ৪ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ
(ঙ) খুলনা রেঞ্জ কার্যালয়ের স্মারক নং-জিএ-০২/২৪৯৮ তারিখ: ২ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ এবং ২৬০৯ তারিখ: ৪ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ
(চ) বরিশাল রেঞ্জ কার্যালয়ের স্মারক নং-বরি. রেঞ্জ (প্রশা.)/-২০/২৪৬৮ তারিখ: ২ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ
(ছ) সিলেট রেঞ্জ কার্যালয়ের স্মারক নং-৪৪.০১.৬০০০.০১৫.০১.০০১.২০-২৩৪৯ তারিখ: ৩ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ এবং ২৫০২ তারিখ: ৮ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ
(জ) ময়মনসিংহ রেঞ্জ কার্যালয়ের স্মারক নং-এফ-১/২০২০/১৩৫৮ তারিখ: ১মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকসমূহের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আপনার রেঞ্জ হতে প্রাপ্ত ২০১৯ সনের বহিরাগত ক্যাডেট এসআই (নিরস্ত্র) পদে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের প্রাপ্ত স্বাস্থ্য পরীক্ষা এবং পুলিশ ভেরিফিকেশনের অনুসন্ধান প্রতিবেদনের ভিত্তিতে মৌলিক প্রশিক্ষণে প্রেরণযোগ্য বিবেচনায় বাংলাদেশ পুলিশ একাডেমি, সারদায় উক্ত প্রশিক্ষণে প্রেরণের লক্ষ্যে সংশ্লিষ্ট রেঞ্জের বিপরীতে নিম্নসংখ্যক প্রার্থীদের নামের তালিকা এতদসংগে প্রেরণ করা হলো।

ক্রম	রেঞ্জের নাম	প্রশিক্ষণে প্রেরণযোগ্য প্রার্থী		মোট
		পুরুষ	নারী	
১.	ঢাকা	৩৪৭	১৩	৩৬০
২.	ময়মনসিংহ	১৪৫	৭	১৫২
৩.	চট্টগ্রাম	২২৬	৪	২৩০
৪.	রাজশাহী	৮৯	১২	১০১
৫.	খুলনা	১৮০	৭	১৮৭
৬.	বরিশাল	৮০	৭	৮৭
৭.	সিলেট	৬৪	১	৬৫
৮.	রংপুর	১১৯	৬	১২৫
সর্বমোট		১২৫০	৫৭	১৩০৭

পুলিশ হেডকোয়ার্টার্স এর স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.০৪.০০৩.১৯ (অংশ-১)/১৮২ তারিখ: ১৫ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ মূলে প্রেরিত পত্রে উল্লিখিত পোশাকসামগ্রী ও অন্যান্য জিনিসপত্রাদিসহ আগামী ৩১ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ পুন. ৩১ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে বাংলাদেশ পুলিশ একাডেমি, সারদায় উপস্থিত থাকার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো (কপি সংযুক্ত)। উল্লেখ্য, বর্ণিত বহিরাগত ক্যাডেট এসআই (নিরস্ত্র) পদে নির্বাচিত প্রার্থীদের আগামী ১ এপ্রিল ২০২০ খ্রিষ্টাব্দ পুন. ১ এপ্রিল ২০২০ খ্রিষ্টাব্দ তারিখ হতে বাংলাদেশ পুলিশ একাডেমি, সারদায় ১ (এক) বছর মেয়াদি মৌলিক প্রশিক্ষণ শুরু করতে হবে এবং উক্ত একাডেমিতে ১ (এক) বছর মেয়াদি মৌলিক প্রশিক্ষণ সফলভাবে সম্পন্নকৃত প্রার্থীদের শিক্ষানবিশ এসআই (নিরস্ত্র) পদে নিয়োগ প্রদান করা হবে। অতঃপর উক্ত প্রশিক্ষণার্থীর ২ (দুই) বছর মেয়াদি শিক্ষানবিশকাল সফলভাবে সমাপনান্তে তাকে এসআই (নিরস্ত্র) পদে স্থায়ীকরণ করা হবে। এক্ষেত্রে শিক্ষানবিশকাল শেষ না হওয়া পর্যন্ত কোনো প্রশিক্ষণার্থীর বিবাহ করার কোনো সুযোগ থাকবে না। উল্লেখ্য, উক্ত নির্বাচিত প্রার্থীগণের মধ্যে কেউ আলোচ্য ১ (এক) বছর মেয়াদি মৌলিক প্রশিক্ষণ গ্রহণের জন্য নির্ধারিত তারিখে বাংলাদেশ পুলিশ একাডেমি, সারদায় উপস্থিত না হলে তিনি চাকরি করতে ইচ্ছুক নহেন বলে বিবেচিত হবেন। এক্ষেত্রে পরবর্তীকালে তার উক্ত প্রশিক্ষণ গ্রহণ বা চাকরিতে প্রবেশের কোনো সুযোগ থাকবে না।

প্রসঙ্গত উল্লেখ্য যে, শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য বিষয়ে প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্যাদি সম্পর্কে অনুসন্ধান/তদন্তে কিংবা পরবর্তীতে কোনো বিরূপ প্রতিবেদন পাওয়া গেলে অথবা প্রদত্ত কোনো তথ্যাদি প্রশিক্ষণকালীন কিংবা পরবর্তীকালে মিথ্যা প্রমাণিত হলে উক্ত প্রার্থীকে প্রশিক্ষণ হতে অব্যাহতি/চাকরি হতে চাকরিচ্যুতি/বরখাস্তকরণসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের সন্তানের বয়স প্রমার্জনের ক্ষেত্রে প্রমাণক হিসেবে দাখিলকৃত লাল মুক্তিবর্তা বা ভারতীয় তালিকা অথবা গেজেট ও সাময়িক সনদ কিংবা গেজেট ও মাননীয় প্রধানমন্ত্রী প্রতিস্বাক্ষরিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (বামুস) এর সনদ অথবা গেজেট, সাময়িক সনদ ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (বামুস) এর সনদের নম্বর ও তারিখ ইত্যাদির দলিলাদিসহ সনদপত্র www.molwa.gov.bd এর মাধ্যমে যাচাইয়ের বিষয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক

